

# আনুবিিক কক্ষক চিত্র ছাড়াই ‘বন্ধন ক্রম’ এবং ‘চুম্বকীয় ধর্ম’ নির্ণয়ে আমেরিকায় অনুমোদন পেল ডঃ অরিজিৎ দাসের নতুন ফর্মুলা

Posted on **June 20, 2017** by **santanu99** —

আপডেট প্রতিনিধি, আগরতলা, ২০ জুন ॥ বিজ্ঞানের পড়ুয়াদের স্বার্থে কঠিন রসায়নকে সহজবোধ্য করে তোলার জন্য রসায়ন চর্চা আর গবেষণাতেই জীবন উৎসর্গ করে অনন্য দৃষ্টান্ত রেখেছেন রাজ্যের কৃতি সন্তান ডঃ অরিজিৎ দাস । কাজের মূল্যায়নে বহুবার দেশে বিদেশে স্বীকৃতি পেলেও থেমে থাকেনি ডঃ দাসের রসায়ন চর্চা আর গবেষণা। রাজ্যের কৃতি সন্তান তথা বর্তমানে আগরতলা বাধারঘাটস্থিত রামঠাকুর কলেজের রসায়ন বিভাগের প্রধান তথা সহকারী অধ্যাপক ডঃ অরিজিৎ দাসের সুদীর্ঘ গবেষণার ফসল মার্কিন যুক্তরাষ্ট্র ভিত্তিক রাসায়নিক শিক্ষা সম্পর্কিত জার্নাল “World Journal of Chemical Education”-র বুক চাপ্টারে (Book Chapter) প্রকাশিত হয়েছে। ডঃ অরিজিৎ দাসের এই নতুন ফর্মুলাগুলির সাহায্যে আনুবিিক কক্ষক চিত্র বা Molecular Orbital Theory (MOT) ছাড়াই ‘বন্ধন ক্রম’ (Bond Order) এবং ‘চুম্বকীয় ধর্ম’ (Magnetic Behavior) নির্ণয় করা যাবে। যা পড়ুয়াদের জন্য রসায়ন বিদ্যার ক্ষেত্রে অনেকটাই (১০-১৫ মিনিট) সময় সঞ্চয় করবে। উল্লেখ্য, ১৯৩৩ সালে Friedrich Hund এবং Robert Mulliken দু’জন বিশিষ্ট বৈজ্ঞানিক এই আনুবিিক কক্ষক চিত্র বা Molecular Orbital Theory (MOT) এর প্রস্তাব দিয়েছিলেন। ‘বন্ধন ক্রম’ (Bond Order) ও ‘চুম্বকীয় ধর্ম’ (Magnetic Behavior) নির্ণয়ে দীর্ঘ ৮৪ বছর ধরে চলে আসা আনুবিিক কক্ষক চিত্র বা Molecular Orbital Theory (MOT) এর পরিবর্তে ১৯শে জুন, ২০১৭ (সোমবার) ডঃ দাসের এই নতুন ফর্মুলা অনুমোদন পেল। উল্লেখ্য, ডঃ অরিজিৎ দাসের ‘Education in Chemical Science & Technology’ তে রসায়ন বিদ্যার ১৬টি সহজ শিক্ষাদান পদ্ধতি সহ ৩৬টি আধুনিক ফর্মুলার সংযোজন রয়েছে। ২০১৫ সালের আগষ্ট মাসে কোলকাতাস্থিত A.P.C. রোডে Indian Chemical Society ডঃ দাসের এই নতুন ফর্মুলা অনুমোদন দেয়। প্রায় ২ মাস ধরে ৭ জন গবেষকদের দীর্ঘ নিরিক্ষনের শেষে আমেরিকার রাসায়নিক শিক্ষা সম্পর্কিত জার্নাল “World Journal of Chemical Education”-র বুক চাপ্টারে ডঃ দাসের ৪টি বন্ধন ক্রমের জন্য এবং ৩টি চুম্বকীয় ধর্মের জন্য মোট ৭টি ফর্মুলা প্রকাশিত হয়।



[f](#) [t](#) [g+](#) [+](#) Share / Save [f](#) [t](#) [+](#)

This entry was posted in **ত্রিপুরা** by **santanu99**. Bookmark the **permalink** [<http://newsupdateoftripura.com/archives/16229>].